**প্রেস বিজ্ঞপ্তি**

# জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
# বিভিন্ন অপরাধে ৭৩টি প্রতিষ্ঠানকে ৪.০০ লক্ষ টাকা জরিমানা

**২৬ সেপ্টেম্বর ২০১৬**

**বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের** বিভিন্ন জেলা কার্যালয়ের ২৪ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, সিরাজগঞ্জ, হবিগঞ্জ, গাজীপুর, টাঙ্গাইল, রাজশাহী, মানিকগঞ্জ, নেত্রকোণা, নরসিংদী, মাদারীপুর, নওগাঁ, কুষ্টিয়া, সিলেট, সুনামগঞ্জ, কুড়িগ্রাম, রাজবাড়ী, নীলফামারী, বাগেরহাট, বরিশাল, ভোলা ও পটুয়াখালীতে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগমের নেতৃত্বে ঢাকা মহানগরীর বাড্ডা এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আলী বাবা সুইটসকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে ভাগ্যকুল সুইটস এন্ড কনফেকশনারীকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **৩০,০০০/- (ত্রিশ হাজার)** জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর গুলশান এলাকায় মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে স্বপ্ন সুপার সপকে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের চান্দগাঁও থানা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার)** টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের বিভিন্ন এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩৩,৫০০/- (তেত্রিশ হাজার পাঁচশত)** টাকা, সিরাজগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম-উল- দৌল্যার নেতৃত্বে সিরাজগঞ্জ সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে হবিগঞ্জের বাহুবল উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, গাজীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক রোজিনা সুলতানার নেতৃত্বে গাজীপুর সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার)** টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মাগফুর রহমানের নেতৃত্বে টাঙ্গাইলের নাগরপুর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর গোদাগাড়ী উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ফারুক আহমেদের নেতৃত্বে মানিকগঞ্জের দৌলতপুর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, নেত্রকোণা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে নেত্রকোণা সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, নরসিংদী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ রায়হান কুদ্দুসের নেতৃত্বে নরসিংদীর শিবপুর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, মাদারীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদাউসের নেতৃত্বে মাদারীপুরের রাজৈর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে নওগাঁ সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়া সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্ল্যাহ এর নেতৃত্বে সিলেটের এয়ারপোর্ট থানা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জ সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৮,০০০/- (আঠার হাজার)** টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রামের চিলমারী উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ীর পাংশা উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, নীলফামারী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে নীলফামারী সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৬,০০০/- (ষোল হাজার)** টাকা, বাগেরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে বাগেরহাটের কচুয়া উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **১২,৫০০/- (বার হাজার)** টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমি রাণী মিত্রের নেতৃত্বে বরিশাল সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৯,৫০০/- (নয় হাজার পাঁচশত)** টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নাজমুল হাসানের নেতৃত্বে ভোলার লালমোহন উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১১,৫০০/- (এগার হাজার পাঁচশত)** টাকা এবং পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে পটুয়াখালীর দশমিনা উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **১৫,১০০/- (পনের হাজার**

**একশত)** টাকাসহ মোট **৩,২০,৬০০/- (তিন লক্ষ বিশ হাজার ছয়শত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, ওজনে কারচুপি, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, ভেজাল পণ্য বিক্রয় ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপির অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের **২৪টি** বাজার তদারকির মাধ্যমে **৭৩টি** প্রতিষ্ঠানকে মোট **৪,০০,৬০০/- (চার লক্ষ ছয়শত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, র‌্যাব, বাজার কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি, প্রাণী সম্পদ কর্মকর্তা ও স্যানেটারী ইন্সপেক্টর এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম, সিরাজগঞ্জ, হবিগঞ্জ, গাজীপুর, টাঙ্গাইল, রাজশাহী, মানিকগঞ্জ, নেত্রকোণা, নরসিংদী, মাদারীপুর, নওগাঁ, কুষ্টিয়া, সিলেট, সুনামগঞ্জ, কুড়িগ্রাম, রাজবাড়ী, নীলফামারী, বাগেরহাট, বরিশাল, ভোলা ও পটুয়াখালী।
৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, সিরাজগঞ্জ, হবিগঞ্জ, গাজীপুর, টাঙ্গাইল, রাজশাহী, মানিকগঞ্জ, নেত্রকোণা, নরসিংদী, মাদারীপুর, নওগাঁ, কুষ্টিয়া, সিলেট, সুনামগঞ্জ, কুড়িগ্রাম, রাজবাড়ী, নীলফামারী, বাগেরহাট, বরিশাল, ভোলা ও পটুয়াখালী।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।